



## ফরিদপুরে প্রাথমিক বিদ্যালয়ের ভবন ধসে ৭ শিক্ষার্থী আহত

প্রকাশিত: ১১ - মার্চ, ২০১৮ ১২:০০ এ. এম.

নিজস্ব সংবাদদাতা, ফরিদপুর, ১০ মার্চ ॥ ফরিদপুরের সদরপুর উপজেলার একটি প্রাথমিক বিদ্যালয়ের পরিত্যক্ত ভবন ধসে স্কুলের ৭ শিক্ষার্থী আহত হয়েছে। খবর পেয়ে ফরিদপুর ও ভাঙ্গা ফায়ার সার্ভিসের ৫টি ইউনিট ঘটনাস্থলে গিয়ে উদ্ধার কাজে অংশ নেয়।

স্থানীয়রা জানান, সদরপুরের ৯৯নং লোহারটেক সরকারী প্রাথমিক বিদ্যালয়ের একটি পরিত্যক্ত ভবন শনিবার বেলা দেড়টার কিছু পরে পুরোপুরি ধসে পড়ে। স্কুলের টিফিন চলাকালীন সময়ে বেশকিছু শিক্ষার্থী ধসে পড়া ভবনটিতে বসে ছিল। ভবন ধসে পড়ার সময় কয়েকজন শিক্ষার্থী বেরিয়ে আসতে পারলেও ভবনটির নিচে চাপা পড়ে পঞ্চম শ্রেণীর দুই শিক্ষার্থী। এ সময় স্কুলের শিক্ষার্থী ও শিক্ষকদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। ভবন ধসের পর স্থানীয় এলাকাবাসী ও শিক্ষকরা শিক্ষার্থীদের উদ্ধার কাজে অংশ নেয়। পরে ফরিদপুর ও ভাঙ্গা থেকে ফায়ার সার্ভিসের ৫টি ইউনিট ঘটনাস্থলে গিয়ে ড্রিল মেশিন দিয়ে ছাদ কেটে মারাত্মক আহতাবস্থায় শাহেদ ও উজ্জ্বল নামের পঞ্চম শ্রেণীর দুই শিক্ষার্থীকে উদ্ধার করে। আহত দুইজনকে ফরিদপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। আহত বাকি ৫ শিক্ষার্থীকে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে। ভবন ধসের খবর পেয়ে সেখানে ছুটে যান আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য কাজী জাফরউল্লাহ, সদরপুরের ইউএনও পুরবী গোলদারসহ প্রশাসনের কর্তা ব্যক্তিরা।

লোহারটেক স্কুলের প্রধান শিক্ষক শাহিনুল ইসলাম জানান, ধসেপড়া ভবনটি দীর্ঘদিন যাবত পরিত্যক্ত অবস্থায় ছিল। ভবনটি ভেঙ্গে ফেলার জন্য একাধিক বার উর্ধতন কর্তৃপক্ষের কাছে আবেদন জানানো হলেও ভবনটি ভাঙ্গা হয়নি। টিফিন টাইমে ছাত্ররা খেলাধুলা করার সময় ঘটনাটি ঘটে।

ফরিদপুর ফায়ার সার্ভিসের কর্মকর্তা মমতাজউদ্দিন জানান, ধসেপড়া ভবনটিতে যারা আটকে পড়েছিলেন তাদের উদ্ধার করা হয়েছে। উদ্ধার কাজ সমাপ্ত করা হয়েছে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com